

## মানি অর্ডার

মানি অর্ডার: মানি অর্ডার একটি আদেশ যাহা ডাকঘর কর্তৃক অর্থ প্রদানের জন্য একটি মাধ্যম। মানি অর্ডারের জন্য কালি দ্বারা মানি অর্ডার ফরম পূরণ করতে হবে। একটি একক মানি অর্ডার ৫,০০০ টাকার বেশী হইবে না।

তার/টেলিগ্রাফিক মানি অর্ডার (টি,এম,ও): টেলিগ্রাফিক মানি অর্ডার ডাকঘরের মাধ্যমে তারযোগে প্রেরণ করা হয়। একক টেলিগ্রাফিক মানি অর্ডারের উর্ধ্ব সীমা ৫,০০০ টাকার বেশী হইবে না।

ভি-পি/মূল্য প্রদেয় আভ্যন্তরীণ মানি অর্ডার: ভিপি দ্রব্যের প্রাপকদের নিকট হতে অর্থ আদায় যোগ্য এবং ভিপি দ্রব্যাদি প্রাপকের নিকট বিলির জন্য রেজিস্ট্রেশন পার্শেল করনিক কর্তৃক ভিপি মানি অর্ডার পূরণ পূর্বক সংশ্লিষ্ট মানি অর্ডার করনিকের নিকট হতে রশিদ গ্রহণ করবেন। প্রেরক কর্তৃক উল্লেখকৃত অর্থ প্রাপকের নিকট হতে প্রয়োজনীয় ফি/মাসুল সহ আদায় যোগ্য।

## পোস্টাল অর্ডার

১. সাতটি মূল্যমানে সরবরাহকৃত।
২. জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য প্রধান ডাকঘর, উপ-জেলা ও সাব পোস্ট অফিসে মওজুদ রাখার জন্য নুমোদিত।
৩. পোস্টাল অর্ডার ইস্যুর মাসের শেষ তারিখ হতে ছয় মাসের মধ্যে ভাঙ্গানো যায়।
৪. ছয় মাসের অতিরিক্ত সময় অতিবাহিত হলে দ্বিতীয় বার কমিশন প্রদান করত ১২ মাসের মধ্যে ভাঙ্গানো যায়।

## ব্রিটিশ পোস্টাল অর্ডার

ব্রিটিশ পোস্টাল অর্ডার চালু নাই।